

সাক্ষাৎকার

ড. জয়শ্রী রায়

জলবায়ু পরিবর্তনসংক্রান্ত গবেষণায় আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অধ্যাপক ড. জয়শ্রী রায়, আইপিসির প্রকাশিত উল্লেখযোগ্যসংখ্যক প্রতিবেদনের সহযোগী লেখক। বর্তমানে তিনি থাইল্যান্ডের এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজির (এআইটি) বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক হিসেবে কর্মরত ও বাংলাদেশের জ্বালানিবিষয়ক পলিসি গবেষণার সঙ্গেও জড়িত। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব রিমোট সেন্সিং (আইআরএস) আয়োজিত 'বিজ্ঞানমনস্ক সমাজ গঠনে বঙ্গবন্ধুর ভূমিকা' শীর্ষক স্মারক বক্তৃতায় মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে এসেছিলেন তিনি। আইআরএস কার্যালয়ে তার সঙ্গে হাইড্রোপাওয়ার ও জিওথার্মালভিত্তিক জ্বালানি ও বিদ্যুৎ উৎপাদনের সম্ভাবনা এবং বাংলাদেশের পরিবেশ, জ্বালানি ও জলবায়ু পরিবর্তনসংক্রান্ত অভিযোজনে করণীয়সহ নানা বিষয়ে বণিক বার্তার সঙ্গে কথা হয় তার। সাক্ষাৎকার নিয়েছেন দিদারুল হক

দক্ষতা যত বাড়বে উন্নয়ন প্রক্রিয়ায়
মানুষের অংশগ্রহণ ততই বাড়বে

